



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



২০১৮-২০১৯ অর্থ বছরের কার্যাবলী সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড প্রতিষ্ঠা ও পরিধি

তৎকালীন ব্রিটিশ সরকারের উদ্যোগ ও সহায়তায় ১৭৮০ সালে ‘কলকাতা আলিয়া মাদ্রাসা’ প্রতিষ্ঠার মাধ্যমে উপ-মহাদেশে আনুষ্ঠানিকভাবে মাদ্রাসা শিক্ষা ব্যবস্থা শুরু হয়। পর্যায়ক্রমে অবিভক্ত বাংলা, বিহার, আসাম ও ত্রিপুরাসহ বিভিন্ন অঞ্চলে মাদ্রাসা শিক্ষা সম্প্রসারিত হওয়ায় মাদ্রাসাসমূহ ব্যবস্থাপনার জন্য ‘মাদ্রাসা এডুকেশন বোর্ড অফ বেঙ্গল’ গঠন করে কলকাতায় এর কার্যালয় স্থাপন করা হয়। ১৯৪৭ সালে পাকিস্তান প্রতিষ্ঠার পর পূর্ব পাকিস্তানে ‘ইস্ট পাকিস্তান মাদ্রাসা এডুকেশন বোর্ডের’ ব্যবস্থাপনায় মাদ্রাসা শিক্ষা কার্যক্রম অব্যাহত থাকে। ১৯৭১ সালে স্বাধীন ও সার্বভৌম বাংলাদেশের অভ্যুদয়ের পর জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রত্যক্ষ নির্দেশনায় মাদ্রাসা শিক্ষাকে যুগোপযোগী ও কর্মমুখী করার উদ্যোগ গৃহীত হয়।

এরই ধারাবাহিকতায় ‘বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড’ নামে ঢাকাস্থ সরকারি মাদ্রাসা-ই-আলিয়া ক্যাম্পাসে নতুন আঙ্গিকে কার্যক্রম শুরু হয়। পরবর্তীতে মাদ্রাসা শিক্ষাকে যুগোপযোগী করার লক্ষ্যে ১৯৭৮ সালে মাদ্রাসা শিক্ষা অধ্যাদেশ জারির মাধ্যমে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড পুনঃগঠন করা হয়। ১৯৭৯ সালের ৪ জুন হতে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড একটি স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান হিসেবে কার্যক্রম শুরু করে এখনো অব্যাহত আছে।

২০০৩ সাল হতে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড এর ০৮ টি আঞ্চলিক শাখা কার্যালয় স্থাপন করা হয়, যা বর্তমানে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এর আঞ্চলিক কার্যালয় সংলগ্ন ভবন সমূহে কার্যক্রম পরিচালনা করছে। শুরুর মাদ্রাসা শিক্ষা ধারার ফাজিল ও কামিল স্তর পর্যন্ত বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড এর আওতাধীন থাকলেও ২০০৬ সালে ৪৪ নম্বর আইনের মাধ্যমে মাদ্রাসা শিক্ষা অধ্যাদেশ, ১৯৭৮ সংশোধন করে ফাজিল ও কামিল স্তরকে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড এর আওতা মুক্ত করা হয়।

লক্ষ্য ও উদ্দেশ্য

(জাতীয় শিক্ষানীতি-২০১০ এর আলোকে)

- ✓ শান্তির ধর্ম ইসলামের প্রকৃত জ্ঞান অর্জন, আধুনিক জ্ঞান বিজ্ঞানের চর্চা, জীবন-যাপনে ইসলামের আদর্শ ও মূল্যবোধের প্রতিফলন ঘটানো, রাষ্ট্রীয় সংবিধান ও জাতীয় চেতনার প্রতি শ্রদ্ধাশীল দেশপ্রেমিক নাগরিক তৈরি করা;
- ✓ কুরআন, হাদিস ও জ্ঞান-বিজ্ঞানের অন্যান্য বিষয়ের সমন্বয়ে ইসলামী শিক্ষা দান;
- ✓ ইসলামের প্রকৃত মর্মার্থ অনুধাবনে সমর্থ করে তোলা;
- ✓ মাদ্রাসা শিক্ষায় ইসলাম ধর্ম শিক্ষার সুযোগ ও অগ্রগতি নিশ্চিত করা;
- ✓ ইসলামের আদর্শ ও মর্মবাণী ভালো করে জানা ও বোঝা এবং সে অনুসারে নির্ভরযোগ্য চরিত্রের অধিকারী জনগোষ্ঠী তৈরি করা;
- ✓ সাধারণ শিক্ষা ধারায় প্রচলিত আবশ্যিক বিষয়সমূহের অভিন্ন শিক্ষাক্রম ও পাঠ্যসূচি অনুসরণ করা;
- ✓ সাধারণ শিক্ষা ধারায় অনুসৃত শিক্ষার্থী মূল্যায়ন প্রক্রিয়া মাদ্রাসা শিক্ষা ধারায় অনুসরণ করা;
- ✓ জ্ঞান বিজ্ঞানের বিভিন্ন শাখায় পারদর্শিতা অর্জন ও উৎকর্ষ সাধনে ভূমিকা পালন করা;
- ✓ যুগোপযোগী কারিকুলাম প্রণয়ন করে মাদ্রাসা শিক্ষার আধুনিকায়ন।

কার্যাবলি

অধ্যাদেশের বিধান অনুসারে মাদ্রাসা শিক্ষার সংগঠন, পরিচালনা, তত্ত্বাবধান, নিয়ন্ত্রণ, উন্নয়ন এবং অগ্রগতি সাধন বোর্ডের প্রধান কাজ। এতদ উদ্দেশ্যে বোর্ড নিম্নোক্ত কার্যাবলী সম্পাদন করে থাকেঃ

- বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক পাঠদান অনুমতি ও একাডেমিক স্বীকৃতিপ্রাপ্ত সকল মাদ্রাসার শিক্ষার্থীদের জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি), দাখিল এবং আলিম পরীক্ষা গ্রহণ, ফলাফল প্রক্রিয়াকরণ, প্রকাশ ও সনদ প্রদান;



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা



২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

- ✚ শিক্ষা অধিদপ্তর বা নিজস্ব পরিদর্শন কর্মকর্তাদের নিকট হইতে প্রাপ্ত পরিদর্শন প্রতিবেদন ভিত্তিতে মাদ্রাসাসমূহের অধিভুক্তি মঞ্জুর, স্থগিত করণ ও প্রত্যাহার;
- ✚ দাখিল ও আলিম মাদ্রাসাসমূহের ছাত্র ভর্তি এবং বদলি সংক্রান্ত শর্তাবলী নির্ধারণ;
- ✚ মাদ্রাসা সমূহ পরিদর্শনের পদ্ধতি নির্ধারণ;
- ✚ বোর্ডের নিজস্ব কর্মকর্তা অথবা যে কোন ব্যক্তি বা ব্যক্তিগণকে উপযুক্ত মনে করে অধিভুক্ত মাদ্রাসা প্রয়োজনবোধে পরিদর্শন;
- ✚ দাখিল, আলিম, মুজাব্বিদ-ই-মাহির বা এর আর অন্য কোন স্তরের শেষ ভাগে পরীক্ষা গ্রহণ, পরিচালনা ও নিয়ন্ত্রণ;
- ✚ বোর্ড কর্তৃক গৃহীত পরীক্ষা সমূহে যাহারা উত্তীর্ণ হইয়াছে তাহাদিগকে সনদ, ডিপ্লোমা ও প্রত্যয়নপত্র প্রদান;
- ✚ দাখিল ও আলিম মাদ্রাসার ম্যানেজিং কমিটি ও গর্ভাণিৎ বডি অনুমোদন এবং ব্যবস্থাপনা কমিটির মধ্যকার বিবাদ মীমাংসা করতে বা মীমাংসার ব্যবস্থা;
- ✚ সংশ্লিষ্ট বিষয়ে সরকারের নিকট বোর্ডের মতামত পেশ;
- ✚ বোর্ডের কর্মকর্তা ও কর্মচারীদের সংখ্যা, পদবী এবং বেতন ও ভাতা নির্ধারণ এবং মাদ্রাসা শিক্ষা অধ্যাদেশের বিধান সমূহ বাস্তবায়নের জন্য বোর্ডের নিকট যা প্রয়োজনীয় সেভাবে বিশেষজ্ঞ ও পরামর্শক নিয়োগ;
- ✚ পদ সৃষ্টি ও বাতিলসহ সকল প্রশাসনিক বিষয় নিয়ন্ত্রণ ও সিদ্ধান্ত গ্রহণ;
- ✚ দানকৃত সম্পদ গ্রহণ ও ব্যবস্থাপনা, বৃত্তি/ষ্টাইপেন্ড, পদক ও পুরস্কার প্রদান ও বিতরণ;
- ✚ অধ্যাদেশের অধীনে প্রদত্ত ক্ষমতা প্রয়োগ করে চুক্তি সম্পাদন ও বাস্তবায়ন;
- ✚ প্রয়োজনীয় ইমারত, প্রাঙ্গণ, আসবাবপত্র, যন্ত্রপাতি, পুস্তক ও অন্যান্য জিনিসপত্রের ব্যবস্থাকরণের লক্ষ্যে প্রবিধান তৈরী করা।

এক নজরে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের প্রদত্ত সেবাসমূহ ক. প্রাতিষ্ঠানিক সেবা

ক্রমিক	সেবার ধরন
১	শিক্ষার্থী ভর্তি (অনলাইন)
২	শিক্ষার্থী রেজিস্ট্রেশন (অনলাইন)
৩	রেজিস্ট্রেশন কার্ড প্রস্তুত (অনলাইন)
৪	রেজিস্ট্রেশন কার্ড বিতরণ
৫	পরীক্ষার্থীদের ফরম পূরণ (অনলাইন)
৬	প্রবেশপত্র প্রস্তুত ও বিতরণ
৭	পরীক্ষার সময়সূচি প্রকাশ (অনলাইন)
৮	চূড়ান্ত পরীক্ষার্থীদের তালিকা প্রকাশ (অনলাইন)
৯	পরীক্ষা কেন্দ্র স্থাপনের জন্য আবেদন গ্রহণ
১০	পরীক্ষা কেন্দ্রের তালিকা প্রকাশ
১১	পরীক্ষার ফলাফল প্রস্তুত ও প্রকাশ (অনলাইন)
১২	টেবুলেশন সীট বিতরণ
১৩	একাডেমিক ট্রান্সক্রিপ্ট বিতরণ
১৪	মূলসনদ বিতরণ
১৫	বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের তালিকা প্রকাশ (অনলাইন)
১৬	এবতেদায়ী ও দাখিল মাদ্রাসার পাঠদানের অনুমতির আবেদন গ্রহণ
১৭	এবতেদায়ী/দাখিল মাদ্রাসার প্রাথমিক পাঠদান অনুমতি
১৮	এবতেদায়ী/দাখিল মাদ্রাসার একাডেমিক স্বীকৃতি
১৯	আলিম মাদ্রাসার পাঠদানের অনুমতির আবেদন গ্রহণ
২০	আলিম মাদ্রাসার প্রাথমিক পাঠদান অনুমতি
২১	আলিম মাদ্রাসার একাডেমিক স্বীকৃতি
২২	দাখিল ও আলিম স্তরের মাদ্রাসার একাডেমিক স্বীকৃতির মেয়াদবৃদ্ধি (অনলাইন)
২৩	এবতেদায়ী স্তরের মাদ্রাসার একাডেমিক স্বীকৃতির মেয়াদবৃদ্ধি
২৪	বিষয়, বিভাগ, শাখা খোলার অনুমতি
২৫	দাখিল ও আলিম মাদ্রাসার এডহক কমিটি গঠনের অনুমতি (অনলাইন)
২৬	দাখিল ও আলিম মাদ্রাসার এডহক কমিটি অনুমোদন (অনলাইন)
২৭	দাখিল ও আলিম মাদ্রাসার ম্যানেজিং কমিটি অনুমোদন (অনলাইন)
২৮	আলিম মাদ্রাসার গর্ভাণিৎ বডির অনুমোদন (অনলাইন)
২৯	ফাযিল ও কামিল মাদ্রাসার গর্ভাণিৎ বডির বিদ্যোৎসাহী সদস্য মনোনয়ন (অনলাইন)
৩০	মাদ্রাসার নাম পরিবর্তন সংশোধন ও স্থানান্তর
৩১	মাদ্রাসার কমিটি সংক্রান্ত অভিযোগ (অনলাইন)
৩২	স্তরভিত্তিক শিক্ষাক্রম উন্নয়ন



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা



২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

ক্রমিক	সেবার ধরন
৩৩	উন্নয়নকৃত শিক্ষাক্রমের আলোকে শ্রেণি ও বিষয়ভিত্তিক পাঠ্যপুস্তক প্রণয়ন ও প্রকাশ
৩৪	স্তরভিত্তিক পাবলিক পরীক্ষার বিষয় কাঠামো, প্রশ্নপদ্ধতি ও নম্বর বন্টন প্রকাশ
৩৫	পাঠ্যপুস্তক পরিমার্জন, সংশোধন ও যুগোপযোগী করা
৩৬	পাঠ্যপুস্তকের ইন্টার্যাকটিভ ডিজিটাল ভার্সন উন্নয়ন (অনলাইন)
৩৭	রেকর্ড যাচাই
৩৮	প্রধান পরীক্ষক/পরীক্ষক/নিরীক্ষক/প্রশ্নপ্রণেতা/পরিশোধনকারীর বিল/সম্মানী/পারিতোষিক ভাতাদি পরিশোধ
৩৯	বোর্ডের বিভিন্ন কমিটির সদস্যদের সম্মানী ও ভ্রমণ ভাতা পরিশোধ

খ. নাগরিক সেবা

ক্রমিক	সেবার ধরন
১	জেডিসি, দাখিল ও আলিম পরীক্ষার উত্তরপত্র পুনঃনিরীক্ষণ
২	সংশোধিত সাময়িক, দ্বি-নকল, সনদ/নম্বরপত্র একাডেমিক ট্রান্সক্রিপ্ট সরবরাহ
৩	সাময়িক, দ্বি-নকল, সনদ/নম্বরপত্র/একাডেমিক ট্রান্সক্রিপ্ট/ অনুবাদ/ ফ্রেসকপি
৪	রেকর্ড যাচাই (ব্যক্তি পর্যায়ে)
৫	রেকর্ড যাচাই (প্রাতিষ্ঠানিক)
৬	জেডিসি, দাখিল ও আলিম পরীক্ষা পাশের মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও সনদপত্র
৭	বয়স ও নাম সংশোধন
৮	তথ্য অধিকার আইনের অধীনে তথ্য প্রদান
৯	অভিযোগ নিষ্পত্তি (অনলাইন)
১০	শিক্ষকদের চাকুরি সংক্রান্ত অভিযোগ নিষ্পত্তি
১১	শিক্ষকদের চাকুরির মেয়াদ বৃদ্ধি
১২	শিক্ষাক্রম সরবরাহ
১৩	স্তরভিত্তিক বিষয় কাঠামো প্রশ্নপদ্ধতি ও নম্বর বন্টন সরবরাহ
১৪	ভর্তি বাতিল/ছাড়পত্র প্রদান
১৫	রেজিস্ট্রেশন কার্ড সংশোধন
১৬	চিঠি-পত্রাদি প্রেরণ ও প্রাপ্তি স্বীকার (অনলাইন)

গ. অভ্যন্তরীণ সেবা

ক্রমিক	সেবার ধরন
১	কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ, বদলী, স্থায়ীকরণ/নিয়মিতকরণ ও পদোন্নতি
২	কর্মকর্তা ও কর্মচারীদের বিভিন্ন ধরনের ছুটি মঞ্জুর
৩	কর্মকর্তা ও কর্মচারীদের বেতন, ভাতা, সিলেকশন গ্রেড, টাইম স্কেল ইত্যাদি প্রদানের আদেশ জারি
৪	কর্মকর্তা ও কর্মচারীদের অবসর সুবিধাদি নিরূপণ ও আদেশ জারি
৫	কর্মকর্তা ও কর্মচারীদের কর্মদক্ষতা উন্নয়ন
৬	বার্ষিক কর্ম-পরিকল্পনা প্রণয়ন
৭	বোর্ডের সকল প্রকার কমিটির সভা আহ্বান
৮	বোর্ডের কর্মকর্তা ও কর্মচারীদের বেতন-ভাতাদি পরিশোধ
৯	কর্মকর্তা ও কর্মচারীদের ঋণ প্রদান, কিস্তি আদায় ও হিসাব সংরক্ষণ
১০	অবসর ভাতা ও আনুতোষিক পরিশোধ
১১	বার্ষিক আয়-ব্যয়ের হিসাব বিবরণী/বাজেট প্রস্তুত ও উপস্থাপন
১২	যানবাহন ব্যবস্থাপনা, রক্ষণাবেক্ষণ ও পরিবহন সুবিধা প্রদান
১৩	অফিস ক্যাম্পাসের নিরাপত্তা বিধান
১৪	অফিস সামগ্রী সংগ্রহ, সংরক্ষণ ও বিতরণ
১৫	অবকাঠামো নির্মাণ ও সংস্কার
১৬	আসবাবপত্র সংগ্রহ, সংরক্ষণ ও সরবরাহ
১৭	বোর্ডে আগমনকারীদের প্রবেশের অনুমতি প্রদান



একনজরে জনবলের সংখ্যা

১ম শ্রেণির পদ সংখ্যা : ৩৫ জন
 ২য় শ্রেণির পদ সংখ্যা : ১১ জন
 ৩য় শ্রেণির পদ সংখ্যা : ১০২ জন
 ৪র্থ শ্রেণির পদ সংখ্যা : ৪৪ জন
 সর্বমোট : ১৯২ জন

চেয়ারম্যান-৫

১৫ চেয়ারম্যান
 ১৫ স্টেনোগ্রাফার
 ১৫ উচ্চমান সহকারী
 ২৫ অফিস সহায়ক

জনবলের সফিক্ত বিবরণী

চেয়ারম্যান	১ টি
রেজিস্ট্রার	১ টি
পরীক্ষা নিয়ন্ত্রক	১ টি
মাদরাসা পরিদর্শক	১ টি
প্রকাশনা নিয়ন্ত্রক	১ টি
উপ-রেজিস্ট্রার	২ টি
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক	২ টি
উপ পরিদর্শক	২ টি
হিসাব রক্ষণ অফিসার	১ টি
সিনিয়র সিস্টেম এনালিস্ট	১ টি
সিস্টেম এনালিস্ট	১ টি
প্রোগ্রামার	৩ টি
কারিকুলাম বিশেষজ্ঞ	১ টি
সহকারী প্রোগ্রামার	৪ টি
সহকারী মেইটেনেন্স ইঞ্জিনিয়ার	১ টি
উপ-সহকারী প্রকৌশলী	১ টি
সহকারী পরিদর্শক	১০ টি
প্রশাসনিক অফিসার	১ টি
শারিরীক শিক্ষা অফিসার	১ টি
সহকারী রেজিস্ট্রার	২ টি
সহকারী হিসাব রক্ষণ অফিসার	১ টি
সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক	৩ টি
স্টোর অফিসার	১ টি
৪র্থ শ্রেণি	১০২ টি
৪র্থ শ্রেণি	৪৪ টি
মোট=	১৯২ টি

প্রশাসন ও হিসাব- ৬৮

জনবল- ৩

১৫ রেজিস্ট্রার
 ১৫ স্টেনোগ্রাফার
 ১৫ অফিস সহায়ক

পরীক্ষা-৬৬

জনবল- ৩

১৫ পরীক্ষা নিয়ন্ত্রক
 ১৫ স্টেনোগ্রাফার
 ১৫ অফিস সহায়ক

পরিদর্শন- ৪৭

জনবল- ৩

১৫ মাদ্রাসা পরিদর্শক
 ১৫ স্টেনোগ্রাফার
 ১৫ অফিস সহায়ক

প্রকাশনা-৬

জনবল- ১

১৫ প্রকাশনা নিয়ন্ত্রক

প্রশাসন ও সংস্থাপন জনবল-১১

১৫ উপ রেজিস্ট্রার
 ১৫ প্রশাসনিক অফিসার
 ১৫ সেকশন অফিসার
 ২৫ উচ্চমান সহকারী
 ৪৫ অফিস সহকারী কাম কম্পি. অপা.
 ২৫ অফিস সহায়ক

কমন সার্ভিস জনবল-৩৮

১৫ উপ রেজিস্ট্রার
 ২৫ সহকারী রেজিস্ট্রার
 ১৫ উপ-সহকারী প্রকৌশলী
 ১৫ স্টোর অফিসার
 ১৫ সেকশন অফিসার
 ২৫ উচ্চমান সহকারী
 ৪৫ অফিস সহকারী কাম কম্পি. অপা.
 ১৫ স্টোর কীপার
 ২৫ ইলেকট্রিশিয়ান
 ১৫ রেকর্ড কীপার
 ১৫ ফটোকপি মেশিন অপারেটর
 ৩৫ ড্রাইভার
 ৬৫ নিরাপত্তা প্রহরী
 ২৫ অফিস সহায়ক
 ১৫ মালী
 ৪৫ পরিচ্ছন্নতা কর্মী

পরীক্ষা জনবল- ১৯

১৫ উপ পরীক্ষা নিয়ন্ত্রক
 ১৫ সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক
 ২৫ সেকশন অফিসার
 ৩৫ উচ্চমান সহকারী
 ৯৫ অফিস সহকারী কাম কম্পি. অপা.
 ১৫ ফটোকপি মেশিন অপারেটর
 ২৫ অফিস সহায়ক

পৌপনীয় জনবল- ২০

১৫ উপ পরীক্ষা নিয়ন্ত্রক
 ১৫ সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক
 ১৫ সেকশন অফিসার
 ৪৫ উচ্চমান সহকারী
 ৮৫ অফিস সহকারী কাম কম্পি. অপা.
 ১৫ রেকর্ড কীপার
 ২৫ বুক বাইন্ডার
 ২৫ অফিস সহায়ক

পরিদর্শন জনবল- ১৭

২৫ উপ পরিদর্শক
 ৪৫ সহকারী পরিদর্শক
 ১৫ সেকশন অফিসার
 ২৫ উচ্চমান সহকারী
 ৫৫ অফিস সহকারী কাম কম্পি. অপা.
 ১৫ রেকর্ড কীপার
 ২৫ অফিস সহায়ক

স্পোর্টস জনবল- ০৩

১৫ শারিরীক শিক্ষা অফিসার
 ১৫ অফিস সহকারী কাম কম্পি. অপা.
 ১৫ অফিস সহায়ক

পাঠ্যপুস্তক জনবল- ৫

১৫ কারিকুলাম বিশেষজ্ঞ
 ১৫ সহকারী পরিদর্শক
 ১৫ সেকশন অফিসার
 ১৫ উচ্চমান সহকারী
 ১৫ লাইব্রেরী সহকারী

হিসাব জনবল- ১৫

১৫ হিসাব রক্ষণ অফিসার
 ১৫ সহকারী হিসাব রক্ষণ অফিসার
 ২৫ সেকশন অফিসার
 ১৫ অডিটর
 ১৫ ক্যাশিয়ার
 ৬৫ অফিস সহকারী কাম কম্পি. অপা.
 ১৫ ক্যাশ সরকার
 ২৫ অফিস সহায়ক

কম্পিউটার শাখা-১

১৫ প্রোগ্রামার

কম্পিউটার কেন্দ্র-১৯

১৫ সিনিয়র সিস্টেম এনালিস্ট
 ১৫ সিস্টেম এনালিস্ট
 ১৫ প্রোগ্রামার
 ৪৫ সহকারী প্রোগ্রামার
 ১৫ সহস্র মেনেট্রোল প্রকৌশলী
 ৪৫ ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর
 ২৫ কম্পিউটার এটেনডেন্ট
 ১৫ ড্রাইভার
 ৩৫ অফিস সহায়ক

পরীক্ষা বৃত্তি-৫

১৫ সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক
 ১৫ সেকশন অফিসার
 ৩৫ অফিস সহকারী কাম কম্পি. অপা.

আঞ্চলিক শাখা-৮টি, জনবল ২৪

৮৫ সহকারী পরিদর্শক
 ৮৫ অফিস সহকারী কাম কম্পি. অপা.
 ৮৫ অফিস সহায়ক

বিভিন্ন সময় অনুমোদিত ও স্থায়ী পদে সফিক্ত বিবরণী

১৯৮৩ সালে অনুমোদিত ও স্থায়ী পদ =	১২০ টি
১৯৯২ সালে অনুমোদিত ও স্থায়ী পদ =	১৫ টি
২০০২ সালে অনুমোদিত ও স্থায়ী পদ =	২৭ টি
২০০৩ সালে অনুমোদিত ও স্থায়ী পদ =	০১ টি
২০০৫ সালে অনুমোদিত ও স্থায়ী পদ =	১৯ টি
২০১০ সালে অনুমোদিত ও স্থায়ী পদ =	১০ টি
মোট=	১৯২ টি

যানবাহন ও অফিস সরঞ্জামাদি

জীপ	১ টি
মাইক্রোবাস-১ টি + কনভেন্ট- ১টি	২ টি
পিকআপ	১ টি
মোটর সাইকেল	১ টি
শীততাপ নিয়ন্ত্রণ যন্ত্র	১৫ টি
ফটোকপিয়ার মেশিন	০৭ টি
কম্পিউটার সেট(প্রিন্টার, ইউপিএস, স্ক্যানারসহ)	১১ সেট
ল্যাপটপ	২ টি
মাল্টিমিডিয়া প্রজেক্টর	২ টি
ফ্যাক্স মেশিন	

G:\Admin\Shujan\Board Employe\List\Organogram



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



মাদ্রাসা শিক্ষা ধারার স্তর বিন্যাস ও বিভাগ

ক্রমিক	শিক্ষার স্তর	শ্রেণি
১	ইবতেদায়ী	১ম-৫ম
২	জুনিয়র দাখিল	৬ষ্ঠ-৮ম
৩	দাখিল ১. সাধারণ বিভাগ ২. বিজ্ঞান বিভাগ ৩. মুজাব্বিদ বিভাগ ৪. হিফজুল কুরআন বিভাগ	নবম ও দশম
৪	আলিম ১. সাধারণ বিভাগ ২. বিজ্ঞান বিভাগ ৩. মুজাব্বিদ ও মাহির বিভাগ	একাদশ ও দ্বাদশ

স্তরভিত্তিক মাদ্রাসার সংখ্যা

ক্রমিক	মাদ্রাসার ধরণ	সংখ্যা
১	স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসা	সম্মানী/ভাতাবিহীন
		৫,৪৭৮ টি
		সম্মানী/ভাতাপ্রাপ্ত
		১,৫১৯ টি
	মোট=	৬,৯৯৭ টি
২	দাখিল মাদ্রাসা	৬,৪৩৯ টি
৩	আলিম মাদ্রাসা	১,৪৭৭ টি
৪	ফাযিল মাদ্রাসা	১,১০০ টি
৫	কামিল মাদ্রাসা	২৪২ টি
	সর্বমোট=	১৬,২৫৫ টি

(বিশেষ দ্রষ্টব্যঃ দাখিল, আলিম, ফাযিল ও কামিল মাদ্রাসার সঙ্গে ইবতেদায়ী মাদ্রাসা অন্তর্ভুক্ত আছে)

মাদ্রাসার সংখ্যা (এম.পি.ও.ভুক্ত ও নন এম.পি.ও.ভুক্ত)

মাদ্রাসার ধরণ	এম.পি.ও.ভুক্ত	নন এম.পি.ও.ভুক্ত	মোট
দাখিল মাদ্রাসা	৫,৩৮২ টি	১,০৫৭ টি	৬,৪৩৯ টি
আলিম মাদ্রাসা	১,১১১ টি	৩৬৬ টি	১,৪৭৭ টি
ফাযিল মাদ্রাসা	৯৮২ টি	১১৮ টি	* ১,১০০ টি
কামিল মাদ্রাসা	১৪৫ টি	৯৭ টি	* ২৪২ টি
সর্বমোট=	৭,৬২০ টি	১,৬৩৮ টি	৯,২৫৮ টি

(* তথ্য সূত্রঃ ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়)

মাদ্রাসার বিভিন্ন স্তরের শিক্ষার্থীর সংখ্যা

মাদ্রাসার ধরণ	শিক্ষার্থীর সংখ্যা
ইবতেদায়ী (১ম থেকে ৫ম শ্রেণি)	*৩১,৫১,৯৮৪ জন
জুনিয়র দাখিল ও দাখিল (৬ষ্ঠ-১০ম)	২৮,৭৬,২৩৬ জন
আলিম (১১শ-১২শ)	২,১৩,২১১ জন
সর্বমোট=	৬২,৪১,৪৩১ জন

(তথ্য সূত্রঃ ২০১৮-২০১৯ সালের রেজিস্ট্রেশন ও ২০১৯ শিক্ষাবর্ষে মাদ্রাসা শিক্ষা ধারার পাঠ্যপুস্তকের চাহিদা অনুযায়ী শিক্ষার্থীর সংখ্যা)

বিদ্যমান আইন/বিধি/নীতিমালা

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড এর বিভিন্ন কার্যক্রম পরিচালনার জন্য বর্তমানে নিম্নোক্ত আইন/বিধি/ নীতিমালা বিদ্যমান রয়েছে-

- ❖ মাদ্রাসা শিক্ষা অধ্যাদেশ, ১৯৭৮ (অর্ডিনেন্স নং- ৯/১৯৭৮);
- ❖ বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমা-২০০৯ (২০১২ সাল পর্যন্ত সংশোধিত);



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



- ❖ বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৬;
- ❖ Public Statutory Corporations (Autonomous/Semi-Autonomous Bodies) and Allied Organizations. Volume- XIV, Part- I, Chapter- XV Madrasah Education Board;
- ❖ The Affiliated Non-Government Madrasah Teacher' terms and Conditions of Service Regulations, 1979;
- ❖ জুনিয়র দাখিল (জেডিসি), দাখিল ও আলিম পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালা;
- ❖ বয়স ও নাম সংশোধন নীতিমালা;
- ❖ জুনিয়র দাখিল (জেডিসি), দাখিল ও আলিম পরীক্ষা কেন্দ্র স্থাপন নীতিমালা;
- ❖ বেসরকারী উদ্যোগে শিক্ষা মন্ত্রণালয়ের প্রশাসনিক আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা) স্থাপন, চালুকরণ ও স্বীকৃতি প্রদানের ক্ষেত্রে অনুসরণীয় নীতিমালা (মন্ত্রণালয় কর্তৃক প্রণীত নীতিমালা ও NTRCA আইন-২০০৫ বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক অনুসৃত হয়);
- ❖ মন্ত্রণালয়ের বিভিন্ন সময়ে জারীকৃত পরিপত্রসমূহ।

বোর্ডের কার্যক্রমে ও সেবা প্রদানে তথ্য প্রযুক্তির ব্যবহার

মাদ্রাসা শিক্ষায় তথ্য প্রযুক্তির সফল ব্যবহার নিশ্চিত করা হয়েছে। এরই অংশ হিসাবে অত্র বোর্ডের সকল কার্যক্রমে ও সেবা প্রদানে তথ্য প্রযুক্তির ব্যবহার নিশ্চিত করা হচ্ছে। উল্লেখযোগ্য কার্যক্রম ও সেবাসমূহ নিম্নরূপ-

➤ জনদূর্ভোগ লাঘবে ই-অফিস ম্যানেজমেন্ট সিস্টেম চালুকরণঃ

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড সরকারের ডিজিটাল বাংলাদেশ বিনির্মান কর্মসূচি বাস্তবায়নে বদ্ধ পরিকর। এরই ধারাবাহিকতায় জন দূর্ভোগ লাঘবে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড তথ্য ও যোগাযোগ প্রযুক্তির সর্বাধিক ব্যবহার নিশ্চিত করেছে। বাংলাদেশের সেন্ট মার্টিন থেকে বাংলাবন্দ সীমানার মধ্যে অবস্থিত প্রায় ৯,২৫৮ মাদ্রাসার প্রধানগণের দোরগোড়ায় সেবা প্রদান নিশ্চিত করেছে। মাদ্রাসার প্রধানগণের যাতায়াত ভোগান্তি, আর্থিক ক্ষতি নিরসনকল্পে এবং বোর্ডের সেবাকে তৃণমূল পর্যায়ে পৌঁছে দেওয়ার লক্ষ্যে অত্র বোর্ডের চেয়ারম্যানের নেতৃত্বে কর্মকর্তা ও কর্মচারীদের সহযোগিতায় একটি প্রযুক্তি নির্ভর আইডিয়া উদ্ভাবন অর্থাৎ ই-অফিস ম্যানেজমেন্ট সিস্টেম চালু করা হয়েছে। এই অনলাইন পদ্ধতির মাধ্যমে সারাদেশের মাদ্রাসাসমূহের পরিচালনা কমিটি (গভার্ণিং বডি/ম্যানেজিং কমিটি/এডহক কমিটি) এর অনুমোদন, বিদ্যোৎসাহী সদস্য মনোনয়ন এবং একাডেমিক স্বীকৃতির মেয়াদ বৃদ্ধি (নবায়ন) কাজ সম্পন্ন করা হচ্ছে।



০১.০৬.২০১৭খ্রিঃ থেকে ২৩.০৬.২০১৯খ্রিঃ তারিখ পর্যন্ত অনলাইনে মাদ্রাসাসমূহের এডহক কমিটি/ ম্যানেজিং কমিটি/ গভার্ণিং বডি অনুমোদন সংক্রান্ত পরিসংখ্যান

ক্রমিক	আবেদনের বিষয়	নিষ্পত্তিকৃত আবেদনের সংখ্যা
০১	এডহক কমিটি গঠনের অনুমতি প্রদান প্রসঙ্গে	১৮০১ টি
০২	সভাপতি মনোনয়নসহ এডহক কমিটি অনুমোদন প্রদান প্রসঙ্গে	১৬৮৮ টি
০৩	বিদ্যোৎসাহী সদস্য মনোনয়ন প্রদান প্রসঙ্গে	৯৪৯ টি
০৪	নিয়মিত ম্যানেজিং কমিটি থাকাকালীন সভাপতি মনোনয়নসহ ম্যানেজিং কমিটি অনুমোদন প্রদান প্রসঙ্গে	৪৩৭৫ টি
০৫	এডহক কমিটি থাকাকালীন সভাপতি মনোনয়নসহ ম্যানেজিং কমিটি অনুমোদন প্রদান প্রসঙ্গে	১০৪২ টি
০৬	নিয়মিত গভার্ণিং বডি থাকাকালীন সভাপতি মনোনয়নসহ গভার্ণিং বডি অনুমোদন প্রদান প্রসঙ্গে	১০১৯ টি
০৭	এডহক কমিটি থাকাকালীন সভাপতি মনোনয়নসহ গভার্ণিং বডি অনুমোদন প্রদান প্রসঙ্গে	১৬৪ টি
০৮	অভিযোগ দাখিল প্রসঙ্গে	২৭৯ টি
০৯	EIIN এবং কোড নম্বরবিহীন (অনুমতি/স্বীকৃতিবিহীন) মাদ্রাসার জন্য নির্বাহী কমিটি অনুমোদন প্রদান প্রসঙ্গে	২৯ টি
১০	অনুমতি/স্বীকৃতিপ্রাপ্ত (EIIN এবং কোড নম্বরধারী) মাদ্রাসার জন্য নির্বাহী কমিটি অনুমোদন প্রদান প্রসঙ্গে	৪২ টি
১১	দাখিল ও আলিম স্তরের একাডেমিক স্বীকৃতির মেয়াদ বৃদ্ধি(নবায়ন)	৫৩৫৬ টি



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা



২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

➤ e-Filling পদ্ধতির প্রবর্তনঃ

মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুসারে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগসহ সকল মন্ত্রণালয়, বিভাগ, অধিদপ্তর, দপ্তর ও সংস্থা, সকল জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার এর সাথে e-Filling এর মাধ্যমে নথি নিষ্পত্তির কার্যক্রম সম্পন্ন হচ্ছে।

ক্রমিক নং	বিষয়	স্বাক্ষর	প্রাপ্তি তারিখ	অনুলিপি
১	সে। হাদিস আলিম	সে। হাদিস আলিম হাদিস, উচ্চমাধ্যমিক	১৯-১১-১৮	১৯-১১-১৮
২	সে। হাদিস আলিম	সে। হাদিস আলিম হাদিস, উচ্চমাধ্যমিক	১৯-১১-১৮	১৯-১১-১৮
৩	সে। হাদিস আলিম	সে। হাদিস আলিম হাদিস, উচ্চমাধ্যমিক	১৯-১১-১৮	১৯-১১-১৮
৪	সে। হাদিস আলিম	সে। হাদিস আলিম হাদিস, উচ্চমাধ্যমিক	১৯-১১-১৮	১৯-১১-১৮
৫	সে। হাদিস আলিম	সে। হাদিস আলিম হাদিস, উচ্চমাধ্যমিক	১৯-১১-১৮	১৯-১১-১৮

ই ফাইলিং কার্যক্রমের হালনাগাদ পরিসংখ্যান


ধরণ	সংখ্যা
ডাক গ্রহন	৫২৭
নিষ্পন্ন ডাক সংখ্যা	৫২০
অনিষ্পন্ন ডাক সংখ্যা	০৭
সৃজিত নোট	৩৪৭
পত্রজারিতে নিষ্পন্ন নোট	৪১২
পত্রজারি	৪১২

• ই-টেন্ডারিং পদ্ধতির প্রবর্তনঃ

সকল ক্রয় কার্যক্রম এবং টেন্ডার প্রক্রিয়া স্বচ্ছতার সাথে সম্পন্ন করার লক্ষ্যে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের প্রথম থেকেই National e-Government Procurement (e-GP) portal এর সাথে সংযুক্ত হয়েছে। ই-টেন্ডারিং এর উপর সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং বর্তমানে অত্র বোর্ডের সকল ক্রয়কার্য ই-টেন্ডারিং এর মাধ্যমে সম্পন্ন করা হচ্ছে।



➤ অনলাইনের মাধ্যমে জেডিসি, দাখিল ও আলিম শিক্ষার্থীদের নিবন্ধন (e-SIF), পরীক্ষার ফরম পূরণ (eFF) করা হচ্ছে।



- ছবিসহ পরীক্ষার্থীদের স্বাক্ষরলিপি অনলাইনে প্রদান করা হচ্ছে।
- পরীক্ষা গ্রহণের যাবতীয় কার্যক্রম যথা ফলাফল প্রক্রিয়াকরণ ও স্বল্প সময়ে প্রকাশ, ফলাফল পুনঃনিরীক্ষণ, নম্বরপত্র, সনদপত্র প্রদান ও পরীক্ষক নিয়োগসহ যাবতীয় কার্যক্রম তথ্য প্রযুক্তির মাধ্যমে অনলাইনে সম্পন্ন করা হচ্ছে।
- পরীক্ষার ফলাফল সহজে ও স্বল্প সময়ে প্রাপ্তির লক্ষ্যে এসএমএস পদ্ধতি চালু করা হয়েছে।
- ফলাফল পুনঃনিরীক্ষণের আবেদন এসএমএস এর মাধ্যমে গ্রহণ করা হচ্ছে।




বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



- অনলাইনের মাধ্যমে পাবলিক পরীক্ষার মাদ্রাসার কেন্দ্র হতে দৈনন্দিন তথ্য গ্রহণ করা হচ্ছে।
- পরীক্ষা সংক্রান্ত যাবতীয় কার্যাবলি অটোমেশন এর মাধ্যমে সম্পন্ন করা হচ্ছে। উল্লিখিত কাজগুলো সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে মাদ্রাসার শিক্ষকদের তথ্যপ্রযুক্তি বিষয়ে প্রশিক্ষণ ও ই-সেবা প্রদানের মাধ্যমে ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের কার্যক্রম দ্রুত এগিয়ে চলছে।
- মাননীয় প্রধানমন্ত্রীর দপ্তরের নির্দেশনা মোতাবেক বোর্ডের নিজস্ব ওয়েব সাইটটি (www.bmeb.gov.bd) NPF (ন্যাশনাল পোর্টাল ফ্রেমওয়ার্ক) এর আওতায় এটিআই প্রকল্পের কারিগরি সহায়তায় উন্নয়নের কাজ শুরু করা হয়েছে। এ লক্ষ্যে ইতোমধ্যে বোর্ডের ২ জন আইসিটি কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
- বোর্ডের অধিভুক্ত সকল মাদ্রাসায় (৯২৫৮টি) বোর্ডের নিজস্ব ডোমেইন নামের ওয়েব পোর্টালের আওতায় ইন্টার্যাকটিভ ওয়েব সাইট খুলে দেয়া হয়েছে।



- ই-গভার্নেন্স সিস্টেম বাস্তবায়ন পর্যায়ে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের সকল ধরনের আবেদনপত্র অনলাইনে গ্রহণের কার্যক্রম গৃহীত হয়েছে। ই-গভার্নেন্স প্রবর্তনের লক্ষ্যে ১ম পর্বে অত্র বোর্ডের ২০ জন কর্মকর্তা ও কর্মচারীকে আইসিটি বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

মাদ্রাসা শিক্ষা আধুনিকায়নে গৃহীত কার্যক্রম ও অর্জন (২০০৯-২০১৯)

বর্তমান সরকারের নির্বাচনী ইশতিহারে দুর্নীতির বিরুদ্ধে বহুমুখী ব্যবস্থা গ্রহণ, সুশাসন প্রতিষ্ঠা, শিক্ষার মান উন্নয়ন, ডিজিটাল বাংলাদেশ গড়ার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করা হয়। তারই ধারাবাহিকতায় বর্তমান গণতান্ত্রিক সরকার ক্ষমতা গ্রহণের পর শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের নির্দেশনায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড মাদ্রাসা শিক্ষার আধুনিকায়ন, দুর্নীতিমুক্ত পরিবেশ সৃষ্টিসহ সেবার মান সহজীকরণের লক্ষ্যে জানুয়ারি-২০০৯ সাল থেকে ডিসেম্বর-২০১৮ পর্যন্ত বিভিন্ন কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন করে আসছে। এসব কার্যক্রমের মধ্যে উল্লেখযোগ্য সাফল্য/অর্জন নিম্নরূপে উপস্থাপন করা হলোঃ

- জাতীয় শিক্ষানীতি-২০১০ এর নির্দেশনা, পরিবর্তিত জাতীয় ও বৈশ্বিক পরিস্থিতি এবং সমকালীন জীবনের চাহিদা বিবেচনা করে মাদ্রাসা শিক্ষার ইবতেদায়ী, জুনিয়র দাখিল, দাখিল এবং আলিম স্তরের সকল শ্রেণির ইসলাম ও আরবি বিষয়সমূহের শিক্ষাক্রম পরিমার্জন/উন্নয়ন করা হয়েছে।
- সাধারণ শিক্ষা ধারার শিক্ষার্থীদের ন্যায় মাদ্রাসা শিক্ষা ধারার শিক্ষার্থীদের মধ্যে কতগুলো মৌলিক বিষয়ে সমগুণাবলি অর্জন এবং অভিন্ন দৃষ্টিভঙ্গি গড়ে তোলার লক্ষ্যে অভিন্ন শিক্ষাক্রম ও পাঠ্যসূচির প্রচলনা করা হয়েছে।
- দেশের আলিয়া পদ্ধতির মাদ্রাসাসমূহে পাঠদান পদ্ধতির আধুনিকায়নে পাঠ-পরিকল্পনা প্রণয়ন এবং তদনুসারে পাঠদানের নির্দেশনা প্রদান করা হয়েছে। শিক্ষার্থীদের অংশগ্রহণমূলক পাঠদান পদ্ধতি এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহারের ওপর গুরুত্ব দিয়ে শিক্ষাক্রম উন্নয়ন করা হয়েছে।
- মাদ্রাসা শিক্ষার্থীদের আরবি ভাষার ৪ দক্ষতা (শোনা, বলা, পড়া ও লেখা) বৃদ্ধির লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করা হয়েছে। বিশেষ করে বাচনিক দক্ষতা বৃদ্ধির জন্য মাদ্রাসার অভ্যন্তরীণ পরীক্ষায় ১০ নম্বর বরাদ্দ করা হয়েছে। আরবি বিষয়ের শিক্ষকদের দক্ষতা বৃদ্ধির জন্য অত্র বোর্ডের অধিভুক্ত প্রায় ৯২৫৮টি মাদ্রাসা থেকে ০১ জন করে আরবি শিক্ষককে প্রশিক্ষণ প্রদানের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এ কার্যক্রম পরিচালনার জন্য প্রশিক্ষণ ম্যানুয়াল তৈরির কাজ সম্পন্ন হয়েছে এবং কয়েকটি জেলায় প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
- মাদ্রাসা শিক্ষার্থীদের উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির বাধাসমূহ দূরীকরণের লক্ষ্যে জাতীয় শিক্ষানীতি-২০১০ এর নির্দেশনার আলোকে মাদ্রাসা ও সাধারণ শিক্ষা আবশ্যিক বিষয় সমূহে (বাংলা, ইংরেজি, গণিত, বিজ্ঞান, বাংলাদেশ ও বিশ্বপরিচয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) সমান নম্বর বরাদ্দ রাখা হয়েছে। ফলে মাদ্রাসা থেকে পাশ করে শিক্ষার্থীরা বিজ্ঞান বিষয়ক অন্যান্য যেমন- ইঞ্জিনিয়ারিং, চিকিৎসা শাস্ত্র ইত্যাদি বিষয়ে অধ্যয়নের সুযোগ পাচ্ছে।






বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



- ইবতেদায়ী ১ম থেকে দাখিল ৯ম-১০ম পর্যন্ত সর্বমোট ১০৬টি পাঠ্যপুস্তক মাদ্রাসা শিক্ষার বৈশিষ্ট্য উপযোগী পরিমার্জন করে তা এনসিসিসিতে অনুমোদনের পর শ্রেণিতে প্রচলন করা হয়েছে।
- সাধারণ শিক্ষা ধারার সাথে প্রশ্ন-পদ্ধতির সাদৃশ্য বজায় রাখার লক্ষ্যে জেডিসি, দাখিল এবং আলিম পর্যায়ে সৃজনশীল প্রশ্ন-পদ্ধতিতে পরীক্ষা গৃহীত হচ্ছে।
- প্রতিবছর জাতীয়ভাবে নির্ধারিত সময়ে ইবতেদায়ী, জেডিসি, দাখিল ও আলিম পরীক্ষা গৃহীত হচ্ছে। ইবতেদায়ী ও জেডিসি পরীক্ষা গ্রহণ শেষে ৩০ দিনের মধ্যে ফলাফল প্রকাশ করা হচ্ছে এবং দাখিল ও আলিম পরীক্ষা গ্রহণ শেষে সাধারণ বোর্ডের ন্যায় ৬০ দিনের মধ্যে পরীক্ষার ফলাফল প্রকাশ করা হচ্ছে।
- ডিজিটাল পদ্ধতিতে শিক্ষাদানের জন্য এ পর্যন্ত ৫ হাজার ৫০০ টি মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া প্রযুক্তি স্থাপন করা হয়েছে এবং ৬ হাজার ৬০০টি মাদ্রাসায় ফ্রি ইন্টারনেট সংযোগ প্রদান করা হয়েছে।
- মাদ্রাসা শিক্ষার ৬ষ্ঠ শ্রেণির কুরআন মজিদ, আকাইদ ও ফিকহ, আরবি ১ম এবং আরবি ২য়পত্র এ ৪টি বিষয়ের পাঠ্যপুস্তকের ইন্টার্যাকটিভ ডিজিটাল ভার্সন (IDMT) উন্নয়ন করা হয়েছে। গত ১৭/১২/২০১৬খ্রিঃ তারিখে মাননীয় শিক্ষামন্ত্রী উক্ত ইন্টার্যাকটিভ ডিজিটাল ভার্সন (IDMT) এর শুভ উদ্বোধন করেছেন।



- ৭৩টি মাদ্রাসায় ফাজিল শ্রেণিতে ৫টি বিষয়ে অনার্স কোর্স খোলা হয়েছে। বিষয়সমূহ হচ্ছে-
 - ১) আল হাদিস এন্ড ইসলামিক স্টাডিজ;
 - ২) আল কোরআন এন্ড ইসলামিক স্টাডিজ;
 - ৩) আদ দাওয়া এন্ড ইসলামিক স্টাডিজ;
 - ৪) আল আদাবাল আরবী (আরবি সাহিত্য) ও
 - ৫) ইসলামের ইতিহাস।
- মাদ্রাসা শিক্ষায় বৃত্তি:** জাতীয়ভাবে ইবতেদায়ী, জেডিসি, দাখিল ও আলিম পরীক্ষা গ্রহণ এবং মেধারভিত্তিতে বৃত্তি প্রদানের ব্যবস্থা করা হয়েছে।

পরীক্ষার নাম	বৃত্তির প্রকার	বৃত্তির সংখ্যা	বৃত্তির হার	বার্ষিক (এককালীন)	বৃত্তির মেয়াদ
ইবতেদায়ী শিক্ষা সমাপনী	মেধা	৭৫০০	৩০০	২২৫	৩ বছর
	সাধারণ	১৫০০০	২২৫	২২৫	
জেডিসি	মেধা	৩০০০	৪৫০	৫৬০	২ বছর
	সাধারণ	৬০০০	৩০০	৩৫০	
দাখিল	মেধা	৬০০	৬০০	১০৫০	২ বছর
	সাধারণ	৭৫০	৩০০	৬০০	
আলিম	মেধা	১৫০	৭৫০	১৮০০	৩ থেকে ৪ বছর
	সাধারণ	৬০০	৩৫০	৭৫০	

- বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণঃ** বর্তমান সরকারের সময় হতে প্রতিবছর ইবতেদায়ী ১ম শ্রেণি থেকে দাখিল ৯ম শ্রেণি পর্যন্ত মাদ্রাসার সকল শিক্ষার্থীর মধ্যে বিনামূল্যে পাঠ্যবই বছরের প্রথম দিনেই বিতরণ করা হচ্ছে। ২০১৯ সালের ১লা জানুয়ারিতে মাদ্রাসার শিক্ষার্থীদের জন্য প্রণীত ১০৬টি পাঠ্যপুস্তকের মোট ৬,০৪,৮৯,৮১৭ টি পাঠ্যপুস্তক এনসিটিবি এর মাধ্যমে মুদ্রণ করে বিনামূল্যে শিক্ষার্থীদের সরবরাহ করেছে।
- “সেকেন্ডারি এডুকেশন সেক্টর ডেভেলপমেন্ট প্রজেক্ট” এর সহায়তায় ৩৫টি মাদ্রাসাকে মডেল মাদ্রাসা হিসাবে ঘোষণা করে উক্ত মাদ্রাসায় অত্যাধুনিক ভবন নির্মাণ, উন্নতমানের আসবাবপত্র সরবরাহ, কম্পিউটার ল্যাব স্থাপন, প্রয়োজনীয় উপকরণসহ কম্পিউটার প্রদান এবং উন্নত শিক্ষার পরিবেশ নিশ্চিত করা হয়েছে।
- মাদ্রাসা শিক্ষাকে যুগোপযোগী করার লক্ষ্যে বর্তমান সরকারের বিগত মেয়াদে “ক্যাপাসিটি বিল্ডিং ফর মাদ্রাসা এডুকেশন প্রকল্প” এর আওতায় ৩৮১টি মাদ্রাসায় কারিগরি শিক্ষা কোর্স চালু করা হয়েছে।
- স্কুল ও কলেজের প্রধান শিক্ষক/অধ্যক্ষের বেতন-ভাতাদির ন্যায় দাখিল থেকে কামিল স্তরের মাদ্রাসাসমূহের সুপারিনটেনডেন্ট/অধ্যক্ষের বেতন-ভাতাদির সমতা আনা হয়েছে। এছাড়া অন্যান্যদের ন্যায় সকল এমপিওভুক্ত মাদ্রাসা শিক্ষকদের জাতীয় বেতন স্কেল প্রদান করা হয়েছে। এবতেদায়ী শিক্ষকদের বেতন প্রতি মাসে ২৩০০/- প্রধানদের ২৫০০/- টাকা করে প্রদান করা হচ্ছে।
- সেসিপ, টিকিউআইসহ অন্যান্য প্রকল্পের আওতায় ডিজিটাল কন্টেন্ট তৈরিতে সাধারণ শিক্ষা ধারার পাশাপাশি মাদ্রাসা শিক্ষা ধারার শিক্ষকদের বিষয়ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করে দক্ষ করে গড়ে তোলা হচ্ছে। সৃজনশীল প্রশ্নপদ্ধতির উপর মাদ্রাসা শিক্ষকদের প্রশিক্ষণ প্রদানের কাজ



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



অব্যাহত আছে। টিকিউআই প্রকল্পের মাধ্যমে গৃহীত তথ্য প্রযুক্তি বিষয়ক প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করে সাফল্য লাভ করেছে এবং তথ্য প্রযুক্তি বিষয়ক প্রশিক্ষণ গ্রহণ করেছে।

- মাদ্রাসার শিক্ষকদের জন্য সাধারণ শিক্ষার বিএড ও এমএড এর ন্যায় BMTTI এর মাধ্যমে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন বিএমএড কোর্স চালু করা হয়েছে। মাদ্রাসার প্রধানদের জন্য নায়েম, ব্যানবেইজ ও বিএমটিটিআই এর মাধ্যমে তথ্য প্রযুক্তি, শিক্ষা উন্নয়ন, পরিকল্পনা ও ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে।
- বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধিভুক্ত মাদ্রাসাসমূহের নিয়মিত পরিচালনা কমিটি অনুমোদন এবং দাখিল ও আলিম স্তরের একাডেমিক স্বীকৃতি নবায়ন সংক্রান্ত যাবতীয় কার্যাদি অনলাইনের মাধ্যমে সম্পাদনের জন্য দেশের সকল মাদ্রাসা হতে মোট ০২ জন করে সুপার/অধ্যক্ষ ও কম্পিউটার শিক্ষককে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং প্রশিক্ষণ প্রদান কার্যক্রম অব্যাহত রয়েছে।



- বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড এর অধিভুক্ত ৯২৫৮টি মাদ্রাসায় ওয়েবসাইট খুলে দেয়া হয়েছে। ওয়েব সাইট পরিচালনা ও আপডেট করার সক্ষমতা বৃদ্ধির জন্য সকল মাদ্রাসার শিক্ষকদের (প্রতিটি মাদ্রাসা থেকে ০১জন শিক্ষককে) ওয়েব পোর্টাল উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ প্রদানের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। প্রশিক্ষণ পরিচালনার জন্য মাষ্টার ট্রেনার তৈরির লক্ষ্যে প্রায় ৪০০ মাদ্রাসা শিক্ষককে প্রাথমিকভাবে ০১ দিনের ওরিয়েন্টেশন প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
- ADB'র অর্থায়নে Capacity Development for Madrasah Education প্রকল্পের অধীনে মাদ্রাসা শিক্ষার উন্নয়নে সমীক্ষা কার্যক্রম পরিচালনা করা হয়েছে। এছাড়া ADB'র আর্থিক সহায়তায় নির্বাচিত মাদ্রাসাসমূহে উন্নতমানের সরঞ্জামাদি সরবরাহ ও কারিগরি ল্যাব স্থাপন করা হয়েছে। মাদ্রাসা শিক্ষার আধুনিকায়নে এর শিক্ষাক্রম, শিক্ষা উপকরণ, মূল্যায়ন পদ্ধতির পরিমার্জন ও উন্নয়ন কার্যক্রম প্রকল্পভুক্ত করার প্রয়াস গ্রহণ করা হয়েছে।
- প্রতিষ্ঠান এমপিওভুক্তকরণ, শিক্ষক এমপিওভুক্তকরণসহ মাদ্রাসা শিক্ষার একাডেমিক এবং প্রশাসনিক ভৌত কাঠামোগত উন্নয়নের লক্ষ্যে জুলাই'২০১৫ হতে পৃথক মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর প্রতিষ্ঠিত হয়েছে এবং তা সামগ্রিক কার্যক্রম চালিয়ে যাচ্ছে।
- মাদ্রাসা শিক্ষার উচ্চ স্তরের একাডেমিক সুপারভিশন, পরীক্ষা গ্রহণ, সার্টিফিকেট প্রদান তথা সার্বিক কার্যক্রম পরিচালনার জন্য 'ইসলামী আরবি বিশ্ববিদ্যালয়' প্রতিষ্ঠা করা হয়েছে। ইতোমধ্যে এ বিশ্ববিদ্যালয়ে উপাচার্য নিয়োগসহ কার্যক্রম চালু হয়েছে।
- গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সোনার বাংলা গড়ার প্রত্যয়ে জাতীয় শুদ্ধাচার কৌশলের সকল কার্যক্রম বিভিন্ন কমিটি গঠনের মাধ্যমে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড বাস্তবায়ন করে যাচ্ছে।



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



পাবলিক পরীক্ষার ফলাফল

পরীক্ষার সন	জুডিসি		
	মোট পরীক্ষার্থী	উত্তীর্ণের সংখ্যা	পাশের হার
২০১৮	৪,০৩,০৬২	৩,৪০,৩১১	৮৯.০৪%
২০১৭	৩,৭৮,৫৭৯	৩,১১,২৪৭	৮২.৮০%
২০১৬	৩,৫৩,৬৪৩	৩,৩২,৪৭৯	৯৪.০২%
২০১৫	৩,৪৩,১৯০	৩,১৭,৩১২	৯২.৪৬%
২০১৪	৩,১১,৫৪০	২,৯১,৩০৫	৯৩.৫০%
২০১৩	৩,১৩,৬৮০	২,৮৫,৮৪৫	৯১.১৩%
২০১২	৩,৩৪,০৪৮	৩,০৩,৯৯২	৯১.০০%
২০১১	৩,০৯,৮৯৯	২,৭৪,৯৬৫	৮৮.৭৩%
২০১০	২,৪৪,০৬২	১,৯৭,৮৩১	৮১.০৬%

পরীক্ষার সন	দাখিল		
	মোট পরীক্ষার্থী	উত্তীর্ণের সংখ্যা	পাশের হার
২০১৯	৩,১০,২৫৯	২,৫৪,৭১০	৮২.০৩%
২০১৮	২,৮৯,৭৪৭	২,০৩,৩৮২	৭০.৮৯%
২০১৭	২,৫৬,৫০৪	১,৯৩,০৫১	৭৬.২০%
২০১৬	২,৪৬,৩৩৬	২,১৭,৫০০	৮৮.২৯%
২০১৫	২,৫৪,৬২২	২,২৯,৬৬৬	৯০.২০%
২০১৪	২,৩৬,৬৩০	২,১১,২৬৯	৮৯.২৮%
২০১৩	২,২১,২৬০	১,৯৭,২৫৫	৮৯.১৫%
২০১২	২,৭৩,০৮৩	২,৪১,৬৭৫	৮৮.৫০%
২০১১	২,৩৭,৫২৬	১,৯৭,৮৭৪	৮৩.৩১%
২০১০	২,১০,৪২২	১,৮২,৬০১	৮৬.৭৮%
২০০৯	১,৮৮,২৩১	১,৫৯,৫১৯	৮৫.০০%

পরীক্ষার সন	আলিম		
	মোট পরীক্ষার্থী	উত্তীর্ণের সংখ্যা	পাশের হার
২০১৮	১,০০,১৩৬	৭৬,৯৩২	৭৮.৬৪%
২০১৭	৯৯,৩২০	৭৪,৫৬১	৭৭.০২%
২০১৬	৮৯,৬০৩	৭৯,০৭৭	৮৮.২৫%
২০১৫	৮২,৫৮৮	৭৪,৪৬১	৯০.১৯%
২০১৪	১,০৫,৮৪৯	৯৯,৫৮১	৯৪.০৮%
২০১৩	৮৭,৪৭৪	৮০,০১৬	৯১.৪৭%
২০১২	৮৪,২৪৬	৭৭,৩৩১	৯১.৭৯%
২০১১	৭৬,০১৫	৬৮,২৪০	৮৯.৭৭%
২০১০	৭৩,৭৯০	৬৩,৮৭৪	৮৬.৫৬%
২০০৯	৫৯,৬৩৯	৪৯,৯০৭	৮৪.০০%

- ❖ একনজরে দাখিল ও আলিম স্তরের মাদ্রাসার পাঠদান অনুমতি, একাডেমিক স্বীকৃতি, দাখিল বিজ্ঞান বিভাগ ও আলিম বিজ্ঞান বিভাগ খোলার অগ্রগতির তথ্যাদিঃ

খাত	সংখ্যা
দাখিল ৯ম শ্রেণি প্রাথমিক পাঠদান অনুমতি	২১৮ টি
দাখিল স্তরে একাডেমিক স্বীকৃতি	৩২০ টি
দাখিল ৯ম শ্রেণিতে বিজ্ঞান বিভাগ খোলা	২৬৫ টি
আলিম ১ম বর্ষ প্রাথমিক পাঠদান অনুমতি	১৩৫ টি
আলিম স্তরে একাডেমিক স্বীকৃতি	১২৯ টি
আলিম স্তরে বিজ্ঞান বিভাগ খোলা	৭৫ টি



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



মাননীয় মন্ত্রী ও উপ-মন্ত্রীর শিক্ষা মন্ত্রণালয়ের দায়িত্ব গ্রহণ করায় বোর্ডের চেয়ারম্যান মহোদয় ফুলেল শুভেচ্ছা প্রদান করছেন




বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান পদে নবনিযুক্ত চেয়ারম্যান ও কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সচিব মহোদয়ের মধ্যে ২০১৯-২০২০ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) স্বাক্ষরের কিছু মুহূর্ত




ভবিষ্যৎ কর্মপরিকল্পনা

- ✓ বোর্ডের অবকাঠামোগত উন্নয়নে ১৫ তলা (প্রস্তাবিত) ভবন নির্মাণ;
- ✓ বোর্ডের সকল রেকর্ড, নথি ও তথ্য কম্পিউটারায়নকরণ;
- ✓ বোর্ডের সকল প্রকার কাজ ই-ফাইলিং পদ্ধতিতে নিষ্পত্তিকরণ;
- ✓ বোর্ডের সকল প্রকার সেবা অনলাইন এর মাধ্যমে সেবা গ্রহীতার দোরগোড়ায় পৌঁছে দেয়া;
- ✓ বোর্ডের সকল কর্মকর্তা ও কর্মচারীদের আইসিটি বিষয়ে প্রশিক্ষণ প্রদান;
- ✓ আঞ্চলিক কার্যালয়সমূহকে আরোও শক্তিশালীকরণ;
- ✓ সকল শ্রেণির পাঠ্যপুস্তককে IDMT-তে উন্নীতকরণ এবং এ বিষয়ে শিক্ষকদের প্রশিক্ষণ প্রদান;
- ✓ অধিভুক্ত মাদ্রাসাসমূহে কারিগরি শিক্ষা কোর্স এবং ব্যবসায় শিক্ষা বিভাগ চালুকরণ;
- ✓ মাদ্রাসাসমূহের আরবী বিষয়ে শিক্ষকদের আরবী ভাষায় কথোপকথনে দক্ষ করে গড়ে তোলার লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান করা।


প্রফেসর কায়সার আহমেদ
চেয়ারম্যান

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৫৮৬১০২১৬


১৬.০৭.১৯